# এনফোর্সমেন্ট বুলেটিন

(এপ্রিল, ২০২৪)



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

**নির্দেশনায়**
ড. আবদুল হামিদ
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**
মোঃ ছিদ্দিকুর রহমান
অতিরিক্ত মহাপরিচালক

**সম্পাদনায়**
মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**
মোঃ আঃ সালাম সরকার
উপপরিচালক

সৈয়দ আহম্মদ কবীর
উপপরিচালক

ইয়াসমিন আক্তার
সহকারী পরিচালক

মোঃ রেজুওয়ান ইসলাম
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
মে ২০২৪

**প্রকাশক**
মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



পরিচালক
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারীকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালু মহল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় এপ্রিল/২০২৪ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এপ্রিল/২০২৪ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, অতিরিক্ত দূষক, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, যানবাহনের কালো ধুঁয়া, জলাশয় ভরাট, হাসপাতাল বর্জ্য শব্দ দূষণ, স্টোন ক্রাশার ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ১৫৯টি

মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৫১৪ প্রতিষ্ঠান/ব্যক্তিকে ১,০৭,৭২,৮৫০/- (এক কোটি সাত লক্ষ বায়াত্তর হাজার আটশত পঞ্চাশ) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয় এবং ২৩টি ইটভাটার কার্যক্রম বন্ধ, আনুমানিক ৩৮৩৫ কেজি পলিথিন জব্দ, ৩৭৬টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবে রূপ দেয়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে দশটি বিশেষ উদ্যোগ হাতে নিয়েছেন তার মধ্যে অন্যতম "পরিবেশ সুরক্ষা"। পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী তথাসার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। একইসাথে অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১। | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০)-এর ৭ ধারার আওতায় এপ্রিল ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২। | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক এপ্রিল ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩। | এপ্রিল ২০২৪ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪। | এপ্রিল ২০২৪ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৮ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫-এর ৭ ধারার আওতায় এপ্রিল ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম:



চিত্র: এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি: এনফোর্সমেন্ট শাখায় শুনানীতে অংশগ্রহণকারীদেও উপস্থিতি

❖ এপ্রিল ২০২৪ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিবুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ১৪১ (একশত একচল্লিশ) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ২১,৪১,৩৯,৬৪৪/- (এক কোটি তেতাল্লিশ লক্ষ ছিয়াত্তর হাজার ছয়শত আটানব্বই) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ৬,০৮,০৩,৯৫৬/- (ছয় কোটি আট লক্ষ তিন হাজার নয়শত ছাপ্পান্ন) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমান নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোন ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক এপ্রিল-২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম:



চিত্র: এপ্রিল/২০২৪ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শন পূর্বক নমুনা সংগ্রহ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫-এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।

**০১ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার এনেক্স রাবারকে কে ২০ হাজার টাকা, আরিফ টিম্বার এন্ড স মিলকে ২০ হাজার টাকা, পুবালী রাবারকে কে ২০ হাজার টাকা, আ-দ্বীন ব্যারিস্টার রফিকুল হক হাসপাতাল লিঃ কে ২০ হাজার টাকা, মক্কা মদিনা টিম্বার এন্ড স মিলকে ২০ হাজার টাকা, মডিউল জেনারেল হাসপাতালকে ২০ হাজার টাকা, মেসার্স তানভীর মেটালকে ২০ হাজার টাকা, শুকরান ট্রেডার্স (স মিল ও ফার্নিচার কারখানা) কে ২০ হাজার টাকা; শেরপুর জেলার স্বদেশ ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা, শেরপুর ইবনে সিনা জেনারেল (প্রা:) হাসপাতাল ও ডায়াগনস্টিককে ১৫ হাজার টাকা, বর্ন ডায়াগনো ল্যাব ও মেডিকেয়ারকে ১৫ হাজার টাকা, ন্যাশনাল ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা; সিরাজগঞ্জ জেলার মেসার্স এস আর মার্চেরাইজিংকে ১ লক্ষ টাকা, মেসার্স ডায়ামন্ড মার্চেরাইজিংকে ৩০ হাজার টাকা, মেসার্স তুহিন মার্চেরাইজিংকে ৩০ হাজার টাকা, মেসার্স সৌরভ এন্ড জোবায়ের হাউজকে ৩০ হাজার টাকা, মেসার্স নাঈম কালার হাউজকে ৩০ হাজার টাকা, মেসার্স মুহাব্বত ডাইংকে ৩০ হাজার টাকা, মেসার্স হাবিব মুন্সী ডাইংকে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৩টি যানবাহন হতে মোট ৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৯টি অবৈধ ইটভাটা হতে মোট ৫ লক্ষ ৪০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**০২ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার গোল্ডেন মেটাল ইন্ডাস্ট্রিজকে ৫০ হাজার টাকা; গাজীপুর জেলার টিআর জেড গার্মেন্টস লি: (জেনারেটর) কে ৩০ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার লাইফ এইড জেনারেল হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা; ময়মনসিংহ জেলার সুরুজ স মিলকে ১৫ হাজার টাকা, ফারক টিম্বার স মিলকে ২০ হাজার; চাঁপাইনবাবগঞ্জ জেলার মেসার্স আশা ব্রিকসকে ৮ লক্ষ টাকা; ঢাকা জেলার প্যাসিফিক ডায়াগনস্টিক স্টোরকে ২০ হাজার টাকা; নেত্রকোনা জেলার জেনেসিস ফুটওয়্যার লিমিটেডকে ১০ হাজার টাকা; খুলনা জেলার বন্ধু ডেইরি ফার্মকে ১৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ভোলা, খুলনা ও পঞ্চগড় জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ৪টি প্রতিষ্ঠান হতে মোট ৫৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২২২০ কেজি পলিথিন জব্দ করা হয়। নেত্রকোনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১০টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। ব্রাহ্মণবাড়িয়া, খুলনা পাবনা ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৭টি অবৈধ ইটভাটা হতে মোট ৮ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়। টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ সিসা ভাট্টি হতে ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কার্যক্রম বন্ধ করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন উৎপাদন, আমদানী, বাজারজাতকরণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।




**০৩ এপ্রিল ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরের উত্তরা এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ব্রাহ্মণবাড়িয়া ও শরীয়তপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৩ টি অবৈধ ইটভাটা হতে মোট ৮ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়।




**০৪ এপ্রিল ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা, নেত্রকোনা জেলা কার্যালয় ও পাবনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ১২টি যানবাহন হতে মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১৬টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১ টি অবৈধ ইটভাটা হতে ৫ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নেত্রকোনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি যানবাহন হতে ১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীতে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড







**০৬ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মেসার্স আর এফ এস নামক অবৈধ ইটভাটা হতে ৫ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ভাটাটির কার্যক্রম বন্ধ করা হয়।





**০৮ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ঢাকা মহানগরের উত্তরা এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুমিল্লা ও পাবনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি অবৈধ ইটভাটা হতে মোট ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ভাটাদুটির কার্যক্রম বন্ধ করা হয়।





শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬ এর বিধি ৮(১), ১৮(২) অনুযায়ী মানমাত্রা অতিক্রম করে হর্ণ বাজানো অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড

**১৫ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ঢাকা মহানগরের রমনা এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে যানবাহনের কালো ধুঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৭টি যানবাহন হতে মোট ৪ হাজার ৪ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নেত্রকোনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৬টি যানবাহন হতে মোট ৫ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১২টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।






**১৬ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ঢাকা মহানগরের পল্টন এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৩৮৪ কেজি পলিথিন জব্দ করা হয়। ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২ টি অবৈধ ইটভাটা হতে মোট ৬ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড

**১৭ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও শরীয়তপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ৪টি প্রতিষ্ঠান হতে মোট **১৩** হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক **১১৫** কেজি পলিথিন জব্দ করা হয়। ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি অবৈধ ইটভাটা হতে মোট ৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।






**১৮ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ইবরা ডাইংকে **১** লক্ষ টাকা,ধানমন্ডি জেনারেল এন্ড কিডনী হাসপাতাল লিমিটেডকে ২০ হাজার টাকা, ফাউন্ডার হেলথ কেয়ার এন্ড হসপিটাল লিমিটেডকে ২০ হাজার টাকা, হেক্সেড ডাইং এন্ড ওয়াশ ওয়ার্কসকে **১** লক্ষ টাকা, হেলথ এইড ডায়াগনস্টিক এন্ড হসপিটালকে ৫০ হাজার টাকা ও জিনোম হসপিটালকে ২০ হাজার টাকা। ঢাকা মহানগরের লালবাগ এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নেত্রকোনা ও ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে **১২**টি যানবাহন হতে মোট **১৪** হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২৪টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬খ, ১৫(১) ধারা অনুযায়ীপলিথিন বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

**২১ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও নেত্রকোনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ২১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নেত্রকোনা ও বরিশাল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ১০টি যানবাহন হতে মোট ১২ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১৩টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ ইটভাটা হতে ৫ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**২২ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের নীলফামারী ও বরিশাল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ১১টি যানবাহন হতে মোট ১৬ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৭টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্যঅনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অন্যূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

**২৩ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে জামালপুর জেলার জামালপুর ডক্টরস হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা, মেসার্স মুসা স মিলকে ১০ হাজার টাকা, মেসার্স সুমনা স মিলকে ১০ হাজার টাকা, মেসার্স হক এন্ড ব্রাদার্স স মিলকে ১০ হাজার টাকা; শেরপুর জেলার মেসার্স আবির স মিলকে ১০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার মেসার্স সজিব স মিলকে ১০ হাজার টাকা, মেসার্স সোনার বাংলা স মিলকে ১০ হাজার টাকা, মেসার্স মনো ব্রিকস (এমএমআর ব্রিকস) কে ৪ লক্ষ টাকা; যশোর জেলার ক্রিস্টাল ডায়াগনস্টিক এন্ড হসপিটালকে ১০ হাজার টাকা; পঞ্চগড় জেলার মেসার্স শাবাব ফিলিং স্টেশনকে ২৫ হাজার টাকা, মেসার্স এস এ আর ব্রিকসকে ৪ লক্ষ টাকা, মেসার্স এ এস ব্রিকসকে ৪ লক্ষ টাকা; ঢাকা জেলার জেদ্দা ডাইং এন্ড প্রিন্টিং লিঃ কে ৮ লক্ষ ৯১ হাজার ৪০ টাকা; নওগাঁ জেলার মেসার্স খান স মিলকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরের মিরপুর ১ এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ৭ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২৩০ কেজি পলিথিন জব্দ করা হয়। বরিশাল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৪ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**২৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার ক্রিয়েটিভ পেপার মিলস লিঃ ১ লক্ষ ৮ হাজার ৮ শত টাকা, ইয়েস্টার এক্সেরিজ কোং (বিডি) লিঃ কে ৬০ হাজার ৪ শত ৮০ টাকা, Nissho Koeki Tissue Papers Co Ltd কে ৮৫ হাজার ১ শত ৯৬ টাকা; ঢাকা জেলার সেইফ কেয়ার জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা, সাত্তার মেটাল ইন্ডাঃ লিমিটেডকে ৫৬ হাজার ৫ শত ২৮ টাকা; গাজীপুর জেলার ট্যাটফাই জিপার কোম্পানী লিঃ কে ৪৮ হাজার ৮ শত টাকা; টাঙ্গাইল জেলার মহেড়া পেপার মিলস লিঃ কে ৯২ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা, ভোলা, বরিশাল, টাঙ্গাইল, শরীয়তপুর, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, নীলফামারী, রংপুর, পঞ্চগড়, খুলনা, ঝিনাইদহ, যশোর, কুষ্টিয়া, সাতক্ষীরা, নেত্রকোনা, ফেনী, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, রাঙামাটি, কক্সবাজার, পাবনা, মৌলভীবাজার ও সিলেট জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ১৪৩টি যানবাহন হতে মোট ১ লক্ষ ৬৬ হাজার ৩ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১৮৯টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ী কোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দন্ড




**২৫ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ১৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।




**২৮ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ৪০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নওগাঁ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৪টি অবৈধ ইটভাটা হতে মোট ৩ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ভাটাগুলোর কার্যক্রম বন্ধ করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ীস্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোন গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড





**২৯ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক পরিবেশ দূষণের দায়ে ঢাকা মহানগরের মিরপুর এলাকার এন আর এস ওয়াশিং প্লান্ট, জে এইচ এস ওয়াশিং প্লান্ট, রেক ওয়াশিং প্লান্ট, ডিনা ওয়াশিং প্লান্ট, এইচ এস ওয়াশিং প্লান্টনামক ৫ টি কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। নওগাঁ, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৫ টি অবৈধ ইটভাটা হতে মোট ১৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়।




**৩০ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে চট্টগ্রাম জেলার এস আলম রিফাইন্ড সুগার ইন্ডাস্ট্রিজ লিঃ কে ২০ কোটি ৪৭ লক্ষ ২৬ হাজার ৮ শত টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও ফেনী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৬টি যানবাহন হতে মোট ৬ হাজার ৭ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১২টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। জয়পুরহাট জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি অবৈধ ইটভাটা হতে মোট ১ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ীকোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দন্ড












## নওগাঁয় ছয় ইটভাটার ৯ লাখ টাকা জরিমানা

নওগাঁ প্রতিনিধি: নওগাঁয় অবৈধভাবে গড়ে ওঠা ৬টি ইটভাটার ৯ লাখ টাকা জরিমানা করা হয়েছে। এসময় ইটভাটাগুলোর কিলন ভেঙে দিয়ে কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। গতকাল সোমবার বিকেলে এ তথ্য জানান নওগাঁ পরিবেশ অধিদফতরের সহকারী পরিচালক মলিন মিয়া। এর আগে গত রোববার ও গতকাল সোমবার জেলার পত্নীতলা ও বদলগাছী উপজেলার বিভিন্ন ইটভাটায় অভিযান চালিয়ে ওই ৬টি ভাটাকে জরিমানা করা হয়। পরিবেশ অধিদফতরের (৬ পৃ: ৪ ক: দ্র:)

## নওগাঁয় ছয় ইটভাটার

৫ম পাতার পর

মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং-এর নির্বাহী ম্যাজিস্ট্রেট সুলতানা সালেহা সুমী এ অভিযান পরিচালনা করেন। মোবাইল কোর্টে প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন জেলা পরিবেশ অধিদফতর কার্যালয়ের পরিদর্শক উত্তম কুমার। এসময় পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন।
ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, পত্নীতলা ও বদলগাছী উপজেলায় বেশকিছু ইটভাটা গড়ে তুলে অবৈধভাবে কার্যক্রম পরিচালনা করে আসছিল। এ বিষয়ে অভিযানে পরিবেশ অধিদফতরের কোনো ছাড়পত্র না থাকা, খড়ি পোড়ানো ও সঠিক পদ্ধতিতে ভাটার কার্যক্রম পরিচালনা না করায় উপজেলার ছলিগ্রাম এলাকার মেসার্স এমএবি ব্রিকসকে ৫০ হাজার টাকা, কাশিপুর এলাকার বিএসপি ব্রিকসকে ৫০ হাজার টাকা, বালুঘা এলাকার এসবিবি এফ ব্রিকসকে ১ লাখ টাকা ও চকদুর্গারামা এলাকার ফাতেমা ব্রিকসকে ১ লাখ টাকা জরিমানা করা হয় এবং বদলগাছী উপজেলার বুড়িগঞ্জ বাজার এলাকার আদিল ব্রিকসকে ৩ লাখ টাকা এবং এমবিএফ ব্রিকসকে ৩ লাখ টাকা জরিমানা করা হয়। এছাড়াও আরও বেশ কয়েকটি ইটভাটা ভেঙে দিয়ে কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। এর আগে মার্চ মাসে সদর ও মান্দা উপজেলায় অবৈধভাবে গড়ে ওঠা ৬টি ইটভাটায় ১০ লাখ টাকা জরিমানা করা হয়।

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে













আপনার হর্ণ আপনাকেই বধির করছে


The Daily Star বাংলা

ঈদের রাতেও চলছিল টিলা কাটা, এক্সকেভেটর ও ট্রাক জব্দ


risingbd

কুমিল্লায় অবৈধ ইটভাটা গুঁড়িয়ে দিল প্রশাসন

WALTON Smart Fridge


সনাতন পদ্ধতিতে ইটভাটা পরিচালনা করায় গুনতে হলো লাখ টাকা জরিমানা


বাণিজ্য প্রতিদিন

হাইড্রোলিক হর্ন জব্দের পর ধ্বংস করলো পাবনা পরিবেশ অধিদপ্তর

আপনার হর্ন আপনাকেই বধির করছে













সুরক্ষিত খাদ্য, সুরক্ষিত জীবন
অযথা হর্ন বাজাবেন না













অযথা হর্ন বাজাবেন না

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক “রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে”




**পরিবেশ অধিদপ্তর**

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**